

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জানাযা রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৪) মারা যাওয়ার পর চুল, নখ ইত্যাদি কাটা

মারা যাওয়ার পর মৃত ব্যক্তির চুল-নখ কাটা উচিৎ নয়। এটি বহুল প্রচলিত বিদ'আত। ঐভাবেই দাফন করতে হবে। এর পক্ষে যে বর্ণনাটি রয়েছে তা যঈফ।

عَنْ سَعْدِ بْنِ مَالِكِ رَضِيَ اللهُ عَنْهُ إِنَّهُ غَسَّلَ مَيْتًا فَدَعَا بِالْمُوْسَى فَحَلَقَ عَانَتَهُ.

সা'দ বিন মালেক (রাঃ) বলেন, তিনি একদা এক মৃত ব্যক্তিকে গোসল দিচ্ছিলেন, তখন তিনি খুর নিয়ে আসালেন এবং নাভীর নীচের লোম কেটে দিলেন।[1]

তাহক্বীক : বর্ণনাটি যঈফ। কারণ আবু কেলাব নামে একজন রাবী আছেন, যার সাথে সা'দ ইবনু মালেকের সাক্ষাৎ হয়নি। অথচ তার থেকে হাদীছ বর্ণনা করেছেন।[2]

জ্ঞাতব্য : মৃত ব্যক্তিকে গোসলের পূর্বে কুলুখ করানো, খিলাল করা, পেট টিপে ও উঠা বসা করিয়ে ময়লা বের করা এগুলো সব বিদ'আতী প্রথা। এ সমস্ত কুসংস্কার থেকে সাবধান থাকতে হবে।

ফুটনোট

- [1]. মুছান্নাফ আব্দুর রাযযাক হা/৪২৩৫; মুছান্নাফ ইবনে আবী শায়বাহ ৩/২৪৭।
- [2]. তানকীহুল কালাম ফিল আহাদীছিয় যঈফাহ ফী মাসাইলিল আহকাম, পৃঃ ৪৭৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2000

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন